অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

সোমোস সম্মেলনে (SOMOS CONFERENCE) গভর্নর কুউমো এবং গভর্নর ভাসকুয়েস, নিউ ইয়র্ক স্টেট এবং পুয়ের্তো রিকোর মধ্যে নতুন সমন্বিত পর্যটন অংশীদারিত্বের ঘোষণা দিয়েছেন

গ্রীষ্মে নিউ ইয়র্ক স্টেটে এবং শীতে পুয়ের্তো রিকোয় ভ্রমণ বৃদ্ধি করার উদ্দেশ্যে অংশীদারিত্ব

গভর্নর এছাড়াও পুয়ের্তো রিকান চকলেট উৎপাদকদেরকে নিউ ইয়র্ক স্টেটে সম্প্রসারিত হবারও ঘোষণা দেন

গভর্নর কুউমো 2019 সালের পুয়ের্তো রিকো সোমোস সম্মেলনে ঘোষণা দিলেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো এবং পুয়ের্তো রিকোর গভর্নর ওয়ান্ডা ভাসকুয়েস আজ নিউ ইয়র্ক স্টেট এবং পুয়ের্তো রিকোর মধ্যে একটি নতুন, সমন্বিত পর্যটন অংশীদারিত্ব ঘোষণা করেছেন যা এই দুটো স্থানে ভ্রমণ বৃদ্ধি করার উদ্দেশ্যে উভয় স্থানের জনপ্রিয় আকর্ষণীয় স্থানগুলোকে তুলে ধরবে। উভয় গভর্নর আগামী বছরের মধ্যে প্রতিটি গন্তব্যে পারস্পারিক ভ্রমণকে উন্নীত করার উদ্দেশ্যে স্টেটের সংস্থানগুলোকে পরিচালিত করবেন। গভর্নর কুউমো আরও ঘোষণা দিয়েছেন যে ক্যারিবীয় অঞ্চলের শীর্ষস্থানীয় চকোলেট প্রস্তুতকারক এবং দীর্ঘকালস্থায়ী পুয়ের্তো রিকান এবং ডোমিনিকান ব্র্যান্ড চকোলেট কর্টেস (Chocolate Cortés) নিউ ইয়র্ক স্টেটে এটির রেস্তোঁরা সংক্রান্ত ধারণা চকোবার কর্টেস (Chocobar Cortés)-এর মাধ্যমে সম্প্রসারিত হবে। গভর্নর সান হুয়ানে 2019 সালের সোমোস সম্মেলনে এই দুটো ঘোষণা দেন।

"নিউ ইয়র্ক পুয়ের্তো রিকোর সাথে বলিষ্ঠ অর্থনৈতিক এবং সাংস্কৃতিক বন্ধন বজায় রাখে, এবং এই নতুন অংশীদারিত্ব একটি সমন্বিত বিপণন প্রচারাভিযানের মাধ্যমে উভয়ের পর্যটন শিল্পকে শক্তিশালী করার পাশাপাশি এই স্টেট এবং দ্বীপের বিদ্যমান সকল কিছুর সদ্ব্যবহার করবে," **গভর্নর কুওমো বলেন।** "হারিকেন মারিয়ার পরবর্তী সময়ে, নিউ ইয়র্ক এই দ্বীপে আমাদের ভাই ও বোনদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়েছিল এবং এই নতুন অংশীদারিত্ব পুয়ের্তো রিকোর জনগণের জন্য আমাদের চলমান অঙ্গীকারের সর্বশেষ উদাহরণ।"

গভর্নর ওয়ান্ডা ভাসকুয়েস গার্সেড বলেন, "নিউ ইয়র্ক স্টেট গত দুই বছর ধরে পুয়ের্তো রিকোর পুনরুদ্ধার বিষয়ে অবিচল অঙ্গীকার দেখিয়েছে। নিউ ইয়র্ক এবং পুয়ের্তো রিকোর মধ্যকার শক্তিশালী অংশীদারিত্বের ক্ষেত্রে আজকের এই ঘোষণা আরেকটি মাইলফলক হিসেবে চিহ্নিত হল। এই পারস্পরিক লাভজনক পর্যটন বিপণন উদ্যোগ গড়ে তোলার জন্য আমরা প্রত্যাশায় রয়েছি এবং

পুনরুদ্ধার ও ত্রান উদ্যোগের জন্য পুয়ের্তো রিকোর দিকে নিউ ইয়র্ক স্টেটের পরিচালিত কর্মকান্ডের জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

গভর্নর কুউমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের পর্যটন নতুন উচ্চতায় পৌঁছেছে, যা রেকর্ড পরিমাণ 253 মিলিয়ন ভ্রমণকারীকে স্বাগত জানিয়েছে যারা 2018 সালে প্রায় 72 বিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে। এটি পর পর পাঁচ বছর ধরে 100 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অভূতপূর্ব অর্থনৈতিক প্রভাব অর্জন করেছে। স্টেটের তৃতীয় বৃহত্তম কর্মসংস্থানসৃষ্টিকারী হিসেবে, অবকাশ এবং আতিথেয়তা শিল্প 957,000টিরও বেশি কর্মসংস্থান অথবা নিউ ইয়র্ক স্টেটের 10টির মধ্যে একটি চাকরির ব্যবস্থা করে। পর্যটন পুয়ের্তো রিকোর জিডিপির 6 শতাংশের প্রতিনিধিত্ব করে। পর্যটন পুয়ের্তো রিকোর 6 বিলিয়ন মার্কিন ডলারের একটি শিল্প,যেটি 70,000-এরও বেশি কর্মসংস্থানের ব্যবস্থা করে।

চোকোবার কোর্টেস এর পরিচালক কার্লোস কোর্টেস বলেন, "চকোবার কোর্টেসের প্রধান অবস্থান সান হুয়ানের বাইরে নিউ ইয়র্ক সিটিতে আমাদের সর্বপ্রথম অবস্থান উন্মুক্ত করতে পেরে আমরা খুব উৎফুল্ল বোধ করছি। আমরা আমাদের চকোলেটের সাথে বেড়ে ওঠা পুয়ের্তো রিকো এবং ডোমিনিকান কমিউনিটির এক অন্যতম দুর্গ, ব্রঙ্কসকে বেছে নিয়েছি। আমরা আমাদের চকোলেটের স্বাদ, আমাদের সংস্কৃতির ঐশ্বর্য, ক্যারিবীয় অঞ্চলের উষ্ণতা নিয়ে শহরকে উদ্বুদ্ধ করার প্রত্যাশা করি।"

চকোবার নিউ ইয়র্ক সিটি (Chocobar NYC) নামে চকোবার কোর্টেস (Chocobar Cortés) নিউ ইয়র্ক সিটির মট হ্যাভেন (Mott Haven)-এ একটি চকলেট রেস্টুরেন্ট, বার, এবং কফি শপ খুলবে, যা 100-রও বেশি কর্মসংস্থানের সৃষ্টি বা ব্যবস্থা করবে। চকোবার কোর্টেস হারিকেন মারিয়ার পর নিউ ইয়র্ক স্টেটে শুরু হতে যাওয়া প্রথম পুয়ের্তো রিকান ব্যবসা প্রতিষ্ঠান, এবং এটির চালু হওয়া নিউ ইয়র্ক স্টেটের সাথে দ্বীপটির শক্ত সংযোগকে তুলে ধরে। এম্পায়ার স্টেট উন্নয়ন (Empire State Development, ESD)-এর সহযোগী প্রতিষ্ঠান নিউইয়র্ক ক্ষমতায়ন জোন করপোরেশন (New York Empowerment Zone Corporation) এই প্রকল্পের জন্য ব্রঙ্কসের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন করপোরেশনের (Bronx Overall Economic Development Corporation) কাছ থেকে 300,000 মার্কিন ডলারের ঋণ প্রদানের প্রস্তাব দিয়েছে। এছাড়াও ব্রঙ্কস উদ্যোগ কর্তৃক বিদ্যুৎ এবং পরিবেশ (Bronx Initiative for Energy and Environment)-এর জন্য 100,000 মার্কিন ডলার প্রদান করবে, যার তহবিল নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) কর্তৃক প্রদান করা হয়। রেস্তোরাঁর জন্য জ্বালানি-সাশ্রয়ী যন্ত্রপাতি ক্রয়ের উদ্দেশ্যে তহবিল ব্যবহার করা হবে। চকোবার কোর্টেস 2020-এর গ্রীষ্মে চালু হবে। চকলেট কোর্টেস 1929 সালে প্রতিষ্ঠিত হওয়া একটি 4তম প্রজন্মের, বিন-থেকে বার চকোলেট উৎপাদন কোম্পানি। এটির সদর দপ্তর সান হুয়ানে অবস্থিত।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুয়ের্তো রিকোর সাথে একটি শক্তিশালী, পরস্পর-লাভজনক অংশীদারিত্ব বজায় রাখার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমাদের পর্যটন

শিল্পকে শক্তিশালী ও দীর্ঘকালস্থায়ী একটি পুয়ের্তো রিকান ব্র্যান্ডের কর্মকান্ডকে এখানে স্থাপনকারী আজকের ঘোষনা আমাদের দৃঢ় অর্থনৈতিক সম্পর্কের ক্ষেত্রে একটি নতুন পদক্ষেপের প্রতিনিধিত্ব করে।"

নিউ ইয়র্ক এবং নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষের (Port Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর, রিক কটন বলেন, "আমাদের বিমানবন্দরগুলোর মাধ্যমে পুয়ের্তো রিকো থেকে এবং পুয়ের্তো রিকো পর্যন্ত সরাসরি ফ্লাইটের প্রাচুর্য, ভ্রমণার্থীদের জন্য দ্রুত ও সহজ প্রবেশাধিকারকে সম্ভব করে এবং যা এই অঞ্চলের জন্য একটি অর্থনৈতিক সম্পদ। এই উদ্যোগে যুক্ত হতে পেরে, পর্যটনের উদ্দীপনার জোগানে আমাদের দায়িত্ব পালন করতে পেরে এবং হারিকেন মারিয়ার পরবর্তীতে দ্বীপের পুনরুদ্ধারে সহায়তা চালিয়ে যেতে পেরে আমরা গর্বিত।"

মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA)-র চেয়ারম্যান প্যাট ফোয়ে বলেন, "গভর্নর কর্তৃক এগিয়ে নিয়ে যাওয়া এই প্রচারাভিযানে অংশগ্রহণ করতে পেরে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ গর্বিত। আমাদের অনেক গ্রাহক এবং কর্মচারীদের পুয়ের্তো রিকোর সাথে সংযোগ রয়েছে, ফলে ধ্বংসের হাত থেকে তাদের পুনরুদ্ধার যখন এগিয়ে চলেছে তখন এই সুন্দর দ্বীপকে সহায়তা ও নিউ ইয়র্কে পর্যটনের বিপণন করার উদ্দেশ্যে পর্যটনকে শেয়ার করা একটি অসাধারন পদ্ধতি।"

পুয়ের্তো রিকোর সমর্থনে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রচেষ্টা

2017 সালের সেপ্টেম্বরে হারিকেন মারিয়ার আঘাতের পরে, গভর্নর কুওমো পাঁচবার পুয়ের্তো রিকোতে ভ্রমণ করেছেন ও অভাবী কমিউনিটির কাছে জরুরি সংস্থান অব্যাহত রেখেছেন। ঝড়ের অনতিবিলম্বে নিউ ইয়র্ক এম্পায়ার স্টেট ত্রাণ ও পুনরুদ্ধার প্রচেষ্টা (Empire State Relief and Recovery Effort) প্রতিষ্ঠিত করে, যা পুরো স্টেটের 13টি দান কেন্দ্র থেকে কমপক্ষে 4,400 প্যালেট সাপ্লাই সংগ্রহ করে বিতরণ করে। নিউইয়র্ক স্টেট বিদ্যুৎ পুনরুদ্ধার ও গ্রিড স্থিতিশীলকরণে সহায়তার জন্য শত শত ইউটিলিটি কর্মী ও বিদ্যুৎ বিশেষজ্ঞ সহ 1,000 এর বেশি কর্মীকে মোতায়েন করেছে।

গভর্নরের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের নিউ ইয়র্ক শহরে বাস্তুচ্যুত হারিকেন মারিয়ার শিকার 11,000 এর বেশি ব্যক্তির সমর্থনে প্রায় 13 মিলিয়ন মার্কিন ডলার খরচ করেছে। প্রতিশ্রুতির অংশ হিসেবে, 2 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক বিনিয়োগ অংশীদারী সংস্থাগুলোতে যাবে যারা দুঃস্থ পুয়ের্তো রিকানদের কর্মসংস্থান, আবাসন, কল্যাণ কাউন্সেলিং ও স্বাস্থ্যসেবার মতো প্রয়োজনীয় সেবার সাথে যুক্ত করে। এছাড়াও গভর্নর কুওমো বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের আবাসন ও কর্মসংস্থান তহবিলের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি দিয়েছেন: বাস্তুচ্যুত পুয়ের্তো রিকানদের শক্তিশালী কেস ম্যানেজমেন্ট সেবা প্রদানের জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রাম এবং কাজের প্রশিক্ষণ ও নিয়োগের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিবেন।

পুয়ের্তো রিকো যাতে আবশ্যকীয় ফেডারেল সহায়তা পায় তার জন্য গভর্নর কুওমো ও নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদল (New York Congressional Delegation) কাজ করে যাচ্ছে।

2017 সালে, গভর্নর কুওমো ও পুয়ের্তো রিকোর গভর্নর রিকার্ডো রসেলো নিউ ইয়র্কের কংগ্রেসনাল প্রতিনিধিদলের সাথে একত্রে একটি বিল্ড ব্যাক বেটার মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনটি বিনিয়োগ প্রয়োজন এমন বিশেষ ক্ষেত্র চিহ্নিত করে যেমন আবাসন, পাওয়ার গ্রিড এবং স্থিতিস্থাপকতা, কৃষি ইত্যাদি। জন নিরাপত্তা ও প্রথম প্রতিক্রিয়া দলের জন্য 487 মিলিয়ন মার্কিন ডলার এবং দীর্ঘ-মেয়াদি পুনরুদ্ধার ব্যবস্থাপনার জন্য 9 বিলিয়ন মার্কিন ডলার যোগ করার পর মোট তহবিল প্রয়োজন 94.4 বিলিয়ন মার্কিন ডলার।

2018 সালের সেপ্টেম্বর মাসে, ঘূর্ণিঝড় মারিয়ার আঘাতের এক-বছর পূর্তিতে, গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশে সাক্ষর করেন যা ঘূর্ণিঝড় মারিয়ার শিকার মৃত ও জীবিতদের প্রতি এবং পুয়ের্তো রিকান কমিউনিটির স্থিতির প্রতি সম্মান জানিয়ে একটি নতুন স্মৃতিসৌধ তৈরির জন্য সুপারিশ করতে একটি নতুন ঘূর্ণিঝড় মারিয়া স্মৃতিসৌধ কমিশন (Hurricane Maria Memorial Commission) গঠন করে। পাশাপাশি, 2018 সালের অক্টোবর মাসে গভর্নর কুওমো FEMA কে বলেন পুয়ের্তো রিকো কমিউনিটির জেনারেটর পুনঃস্থাপন করে দিতে।

পুয়ের্তো রিকোর জন্য চলমান পুনরুদ্ধার ও ত্রাণ প্রচেষ্টার বিষয়ে আরও তথ্য জানতে, অনুগ্রহ করে গভর্নরের পুয়ের্তো রিকোর জন্য এম্পায়ার স্টেট ত্রাণ এবং পুনরুদ্ধার উদ্যোগ (Empire State Relief and Recovery Effort for Puerto Rico) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন আইল্যান্ডের ওয়েবপেইজ পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন